তারিখ ... 1 APR 1991 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 2 ...

দৈনিক সংবাদ

# ৪ মাস বন্ধ থাকার পর বুধবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় খুলছে

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ২০শে এপ্রিল।—দীর্ঘ ৪ মাস বন্ধ থাকার পর আর ৩ দিন পর আগামী বুধবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় খুলছে। তার আগে মঙ্গলবার ছাত্রাবাসসমূহ খুলে দেয়া হচ্ছে।

চট্টগ্রাম ঃ পৃঃ ৮ কঃ ৮

## চট্টগ্রাম ঃ বিশ্ববিদ্যালয় খুলছে

(১ম পাতার পর)

গত বছরের ২২শে ডিসেম্বর ইসলামী ছাত্র শিবিরের সশস্ত্র হামলায় ১ জন ছাত্র নিহত ও শতাধিক ছাত্রছাত্রী, শিক্ষক-শিক্ষয়িত্রী ও কর্মচারী আহত হয়। এর পরই বিশ্ববিদ্যালয় বন্ধ করে দেয়া হয়।

ঘটনার ব্যাপারে সরকার ১ জন বিচারপতিকে নিয়ে ১ সদস্যের তদন্ত কমিটি গঠন করেন। কমিটি গত ফেব্রুয়ারী মাসে তদন্ত কাজ শুরু করলেও রিপোর্ট এখনো প্রকাশিত হয়নি। বলা হয়েছিল, এক মাসের মধ্যে রিপোর্ট প্রকাশ করা হবে।

এদিকে কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয় খোলার প্রাক্কালে সকল ছাত্র সংগঠনের সংগে বৈঠক আহ্বান করলেও কেবলমাত্র ছাত্র শিবির ছাড়া আর সকল ছাত্র সংগঠনই এতে যোগ দেয়। আজ বেলা ১২টায় চাকসুর সকল কর্মকর্তা ও হল সংসদসমূহের ভিপি এবং জিএসদের এক বৈঠক উপাচার্য প্রফেসর আলমগীর মোহাম্মদ সিরাজুদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় ছাত্র নেতৃবৃন্দ শান্তি-শৃংখলা রক্ষার্থে তাদের সকল সহযোগিতা প্রদানের আশ্বাস প্রদান করেন। তারা ২২শে ডিসেম্বরের ঘটনায় জড়িতদের ক্যাম্পাসে অবাঞ্ছিত ঘোষণা ও শাস্তি প্রদানের দাবী জানান।

### স্মারকলিপি পেশ

আজ সকালে চাকসু ও সর্বদলীয় ছাত্রঐক্য নেতৃবৃন্দ গত ২২ ও ২৩শে ডিসেম্বর শিবিরের হামলায় ছাত্রনেতা ফারুক ও আইনজীবী শোয়েব খান নিহত ও শতাধিক ছাত্র-শিক্ষক-কর্মচারী আহত হবার ঘটনায় জড়িত থাকার দায়ে মামলায় অভিযুক্ত ও আসামীদের গ্রেফতারের দাবীতে জেলা প্রশাসকের কাছে একটি স্মারকলিপি পেশ করে। স্মারকলিপিতে বিশ্ববিদ্যালয় খোলার আগে শান্তি-শৃংখলা ও নিরাপত্তার ব্যবস্থা গ্রহণেরও দাবী করা হয়।

### ক্যাম্পাসে পুলিশের অবাধ প্রবেশের অনুমতি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট ক্যাম্পাসে শান্তি-শৃংখলা বজায় রাখা কিংবা অবৈধ অস্ত্র উদ্ধারে পুলিশকে ক্যাম্পাসে প্রবেশে পূর্বানুমতির প্রয়োজন হবে না বলে সিদ্ধান্ত নিয়েছে। এর প্রেক্ষিতে গত সোমবার বিশ্ববিদ্যালয় প্রশাসনের ও পুলিশ প্রশাসনের সংগে জেলা অনুষ্ঠিত হয়। বৈঠকে যে কোন মূল্যে ক্যাম্পাসে ও হলসমূহে শান্তি-শৃংখলা ও নিরাপত্তা বজায় রাখার ব্যাপারে কার্যকর পদক্ষেপ গ্রহণের বিষয়টি আলোচনা করা হয়।